



উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর।

(www.moulvibazarsadar.moulvibazar.gov.bd)

অস্থায়ী পশুর হাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার সদর উপজেলা পরিষদের ব্যবস্থাপনাবীন নিম্ন বর্ণিত অস্থায়ী পশুর হাট পবিত্র ঈদ-উল-আযহা-২০২১ উপলক্ষ্যে স্থানীয় জনসাধারণের সুবিধার্থে কোরবানির পশু ক্রয়-বিক্রয়ের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ীভাবে ঈদের পূর্ব থেকে শুরু করে ঈদের পর দিন পর্যন্ত সর্বোচ্চ ০৭(সাত) দিন হাট বসানোর নিমিত্ত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত বিজ্ঞপ্তিটি সরকারী হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এর ১০(২) অনুচ্ছেদ এবং জেলা প্রশাসক কার্যালয়ে ২৭/০৬/২০২১ খ্রিঃ তারিখের ০৫.৪৬.৫৮০০.০১২.৩৩.০০৬.২০২০.২৩৪ নম্বর স্মারক মোতাবেক প্রকাশ করা হলো। আগ্রহী আবেদনকারীগণ ধার্য তারিখে নিম্ন বর্ণিত শর্ত ও সময়সূচি অনুযায়ী নিম্ন স্বাক্ষরকারীর অফিসে উপস্থিত হয়ে টেন্ডার বাস্তবে দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো।

ক্র.	অস্থায়ী হাটের নাম	সরকারি ইজারামূল্য	আবেদন ফরম প্রাপ্তি এবং দাখিলের স্থান	আবেদন ফরম বিক্রির শেষ তারিখ (অফিস চলাকালীন)	আবেদন ফরম বক্সে দাখিলের তারিখ ও সময় (অফিস চলাকালীন)	আবেদন ফরম খোলার তারিখ ও সময় (অফিস চলাকালীন)	দরপত্র মূল্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	গোরারাই বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট মৌ-গোরারাই/১৮ খং-১৭৭, দাগ-২৬৪ পরি-০.০৭	৪,২৪০/-	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মৌলভীবাজার সদর।	১৩/০৭/২০২১খ্রি দুপুর ১২.০০ঘঃ পর্যন্ত	১৩/০৭/২০২১খ্রি দুপুর ০১.০০ঘঃ হতে বিকেল ৩ঘটিকা পর্যন্ত	১৩/০৭/২০২১খ্রি বিকাল ০৩.৩০ ঘটিকা	৫০০/ -
০২	কামালপুর বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট মৌ-কামালপুর/৪৯, খং-০১ দাগ-৩৭৬৩, শ্রেণি-গোপাট, পরিমাণ-০.১৯	১০,০৭০/-	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/ -
০৩	দক্ষিণ বাড়তি অস্থায়ী পশুর হাট মৌ-বাড়তি/২৯, খং-১১৮৬ দাগ-৮৬২২, ৮৬২৩, শ্রেণি-আউষ, পরি-০.০৯+০.০৭=০.১৬	৫,৮৩০/-	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/ -
০৪	গয়ঘর অস্থায়ী পশুর হাট মৌ-গয়ঘর উত্তর/৬৩ খং-০১, দাগ-৯৯৮, শ্রেণি হাট, পরি	১১,৭৬৬/-	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/ -

০৫	০.১৩ কাগাবালা অস্থায়ী পশুর হাট মৌ-কাগাবালা/১২৮, খং-০১, দাগ-৩১৯৭, পরি-০.২০	৪,২৪০/-	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/ -
০৬	আখাইলকুড়া মৌ- আখাইলকুড়া/৪৭, খং- ০১, দাগ-১৮৩, ১৮৫, শ্রেণি-ইউপি (বর্তমানে পতিত), দোকান (পতিত), পরি- ০.৪৬+০.১৪=০.৬০	১১,১৩০/-	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/ -
০৭	একটুনা বাজার সংলগ্ন অস্থায়ী গবাদি পশুর হাট-মৌজা- মুমিনপুর/৭৮, খং- ১৮১, দাগ-২০৪ পরি- ১.০৭	২৯,৭৮৬/ -	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/ -
০৮	বুদ্ধিমত্তপুর বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট মৌ- বুদ্ধিমত্তপুর/৫৮, খং-০১, দাগ-৮৯০৫, শ্রেণি-হাট, পরি-০.২৩	৩,৯২২/-	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/ -
০৯	মোকামবাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট মৌ- শ্রেমনগর টি.জি/১৭৬ খং-০১, দাগ-৫০, ৫৫, পরি-০.৭৯	৯,০১০/-	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/ -
১০	অফিস বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট মৌ- রাধাকান্তপুর/১৬৯ খং-০১, দাগ- ৭০০, ৭০২, পরি-০.৭৪	৫,৫১২/-	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/ -

শর্তাবলীঃ

- ১। উনুক্ত পদ্ধতিতে ইজারা এবং হাট-বাজার সংক্রান্ত বিদ্যমান সরকারি নীতিমালা ও নির্দেশনাসমূহ অনুসরণ করে হাট-বাজার সংক্রান্ত ইজারা ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তমতে ইজার প্রদান করা হবে।
- ২। অনুমোদিত ও তফসিলভুক্ত জমি ব্যতীত অন্য কোন জমি বা মহাসড়কের পার্শ্বে হাটটি স্থাপন করা যাবে না।
- ৩। যানজট বা জনগণের চলাচলে কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।
- ৪। অস্থায়ী ইজারা গ্রহীতাকে নিজ ব্যবস্থাপনায় আইন-শৃঙ্খলা ও পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। জালনোট প্রতিরোধের ব্যবস্থা রাখতে হবে। হাট সমাপ্তির পর সার্বিক পরিচ্ছন্নতা চালাতে হবে।
- ৫। কোন বিদ্যালয়ের মাঠে বা খেলার মাঠে বাজার স্থাপন করা যাবে না। অন্য সংস্থা বা কর্তৃপক্ষের জমি হলে সে কর্তৃপক্ষ/সংস্থার অনুমতি/অনাপত্তি গ্রহণ করতে হবে।
- ৬। বিজ্ঞ আদালতের কোন নিবারণ বা নির্দেশমূলক কোন আদেশ থাকলে অস্থায়ী হাট-বাজার স্থাপনের এ অনুমোদন পত্রটি সে অনুযায়ী সীমাবদ্ধ থাকবে।
- ৭। কোরবানির পশু নির্দিষ্ট স্থানে জবাই ও বর্জ্য অপসারণ সম্পর্কিত লিফলেট বিতরণ ব্যানার ও মাইকিংসহ প্রচারণা চালাতে হবে।

- ৮। দরপত্রে অংশগ্রহণকারী ব্যক্তিবর্গ ধার্য তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে এ অফিস থেকে দরপত্র ফরম ক্রয় করতে পারবেন।
- ৯। দরপত্রে অংশগ্রহণকারী প্রতি বাজারের জন্য উল্লিখিত মূল্যের ১০০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর বরাবরে জমা দিতে হবে। অকৃতকার্য দরপত্র দাতাদের জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পরবর্তীতে ফেরত প্রদান করা হবে।
- ১০। সফল দরদাতাকে ইজারামূল্যের উপর ৫% আয়কর, ১৫% ভ্যট এবং ৫% জামানত নগদে তাৎক্ষণিকভাবে পরিশোধ করতে হবে। কোনভাবেই সরকারি দাবী বকেয়া রেখে বাজার বসানো যাবে না।
- ১১। কোরবানির পশু বেচা-কেনার উপর সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত অর্থ টোল আদায় করা যাবে না।
- ১২। সম্পূর্ণ অস্থায়ী হাট স্থাপন এবং নিলাম ডাককারী হিসেবে উল্লিখিত মেয়াদের অতিরিক্ত সময়ের জন্য হাট বসানো যাবে না।
- ১৩। সফল দরদাতাকে নিজ উদ্যোগে অস্থায়ী হাটটি বর্ণিত স্থানে বসাতে হবে।
- ১৪। কোনভাবেই মূল বাজারে অস্থায়ী হাট বসানো যাবে না।
- ১৫। কোরবানীর পশুর হাটে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্বাস্থ্য বিধি এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনা মেনে চলতে হবে।
- ১৬। ইজারাদার কর্তৃক হাটের প্রবেশপথে তাপমাত্রা মাপার যন্ত্র রাখাসহ হাত ধোয়ার জন্য সাবান/হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা রাখতে হবে। সবাই যাতে হাটে মাস্ক পরিধান করে এবং হাত ধুইয়ে প্রবেশ করে তা নিশ্চিত করতে হবে। হাত ধোয়া এবং মাস্ক ছাড়া কোন ব্যক্তিকেই হাটে ঢুকতে দেওয়া যাবে না। প্রতিটি হাটে একমুখী চলাচল নিশ্চিত করতে হবে। হাট শুরুর পূর্বেই লেনের দূরত্ব নির্ধারণ করতে হবে। ক্রেতা বিক্রেতা ০২ (দুই) জনের অধিক হাটে প্রবেশ করতে পারবে না।
- ১৭। হাটের ভলান্টিয়ার হিসেবে পর্যাপ্ত সংখ্যক গ্রাম পুলিশ, আনসার, স্বেচ্ছাসেবক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগ করতে হবে। বাজারকে কেন্দ্র করে কোনো প্রকার অস্থায়ী চা ও পান সিগারেটের দোকান বসতে দেওয়া যাবে না।
- ১৮। অবশ্যই সকলকে হাটে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি মেনে চলাফেরা করতে হবে। কোরবানির পশুর হাটে বৃদ্ধ, শিশু ও রোগাক্রান্ত ব্যক্তি প্রবেশ করতে পারবে না। প্রতিদিন সরকার নির্ধারিত সময়ের পূর্বে বাজার ভেঙ্গে দিতে হবে।
- ১৯। আবেদন খোলার তারিখে আবেদনকারীদের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে আবেদন ফরম খোলা হবে।
- ২০। হাইওয়ে সড়ক/সড়কের উপর কিংবা সড়ক সংলগ্ন স্থানে হাট বসানো যাবে না।
- ২১। সফল দরপত্রদাতা নিজস্ব ব্যবস্থাপনায় বাজারে রাত্রিকালীন আলোর ব্যবস্থা করবেন। মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার ২১ জুন, ২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১২.৮২.০৬০.১৭.২৫৯ নম্বর স্মারকের নির্দেশনার প্রতিপালন নিশ্চিত করতে হবে।
- ২২। ইজারাদার নিজস্ব ব্যবস্থাপনায় প্রতিটি হাটে স্থাপিত ভেটেরিনারি মেডিকেল টিমকে বসার ব্যবস্থা করবেন।
- ২৩। যে কোন আবেদন গ্রহণ কিংবা প্রত্যাখ্যান অথবা আবেদন গ্রহণ/স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

Sabrina 28/06/2021
(সাবরীনা রহমান)

উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
ফোন ০৮৬১-৬৩৭৫৪

(unomoulvibazar@mopa.gov.bd)

স্মারক নম্বর : ০৫.৪৬.৫৮৭৪.০০২.০১.০২২.২১. ২০৬

১৪ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ : ২৮ জুন, ২০২১খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

- ১। মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-৩
- ২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ৫। উপ পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, মৌলভীবাজার।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর।

অবগতি ও বহুল প্রচারের জন্য- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ৭। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার। (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা করার অনুরোধসহ)
- ৮। সহকারী কমিশনার (ভূমি), মৌলভীবাজার সদর।
- ৯। উপজেলা----- অফিসার, মৌলভীবাজার সদর।
- ১০। অফিসার ইনচার্জ, মৌলভীবাজার মডেল থানা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি, মৌলভীবাজার সদর। (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ওয়েব পোর্টালে সংযুক্ত করার জন্য অনুরোধসহ)
- ১২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, মৌলভীবাজার সদর উপজেলা শাখা, (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ১৩। চেয়ারম্যান----- (সকল) ইউ.পি, মৌলভীবাজার সদর।(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ----- (সকল), মৌলভীবাজার সদর।(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ১৫। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, মৌলভীবাজার।(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ১৬। সিনিয়র ম্যানেজার, পল্লীকণ্ঠ, মৌলভীবাজার।(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ১৭। সভাপতি/সম্পাদক,..... বাজার কমিটি (সকল), মৌলভীবাজার সদর।(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ১৮। জনাব-----ইজারাদার (সকল) মৌলভীবাজার সদর।(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ১৯। মাস্টার কপি/নোটিশ বোর্ড।

Saying 28/6/2021
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।